

DD (ATM)
29/9/22
Director (S)
CAAB HQ, Dhaka.

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শুজলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫২.০২০.১৭. 900

তারিখ: ২৬-০৭-২০২২ খ্রিঃ।

বিষয়: দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব আবদুল খালেক, প্রশাসনিক কর্মকর্তা কানাডায় বসবাসরত আপনার স্ত্রীর বড় ভাইকে দেখতে বহিঃবাংলাদেশ ছুটির আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫২.০২০.১৭.১১৯৭ তারিখ-০৮/১১/২০২১ মূলে ০২ (দুই) মাস বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে ১২/১১/২০২১ তারিখ কানাডার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তন না করে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

২.০ যেহেতু, আপনার অসুস্থতা বিষয়ে কানাডা হতে গত ১০/০১/২০২২ তারিখে স্বাক্ষরিত একটি অবগতিপত্র নিয়ামক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে প্রেরণ করেন যা ২৪/০১/২০২২ তারিখে হশাআবি'র হতে সদর দপ্তরে প্রেরণ করা হয়, যাতে আপনি কবে বাংলাদেশে ফিরবেন বা কতদিন আপনার বহিঃবাংলাদেশ ছুটি বৃদ্ধির প্রয়োজন সে বিষয়ে কিছুই জানাননি, এমনকি আবেদনপত্রের সাথে কোন ডাক্তারী সনদপত্র বা অসুস্থতার প্রমাণক সংযুক্ত করেননি এবং পরবর্তীতেও আপনার অসুস্থতা বিষয়ে কর্তৃপক্ষকে কিছু অবহিত করেননি;

৩.০ যেহেতু, অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ বিদেশে অবস্থান করায় ও এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে আপনার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫২.০২০.১৭.৪৫৯ তারিখ: ২৬/০৪/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৫/২০২২ রুজু করা হয় এবং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ আপনার ব্যক্তিগত ই-মেইল, বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, বর্ণিত অভিযোগ হেতু উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ আপনি সশরীরে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

৫.০ যেহেতু, আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান না করায় বা ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ না করায় আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন; এবং

৬.০ যেহেতু, আপনি শুধু অসুস্থতার একটি অবগতিপত্র ছাড়া ছুটি বৃদ্ধির কোন আবেদন করেননি, প্রেরিত অবগতিপত্রে বাংলাদেশ কিংবা কানাডাতে আপনার অবস্থানের কোন সুনির্দিষ্ট ঠিকানা প্রদান করেননি ফলে কোনরূপ যোগাযোগ স্থাপন করা সম্ভব হয়নি, আপনার স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্র ফেরত এসেছে এবং আপনার ই-মেইলে প্রেরিত অভিযোগনামার কোন জবাব না দেওয়ায় আপনি ইচ্ছাকৃতভাবে কর্তৃপক্ষের বিনানুমতিতে বহিঃবাংলাদেশে অবস্থান করছেন মর্মে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত 'পলায়ন'-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে;

৭.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক বেবিচক আপনাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৮.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক কেন আপনাকে কর্তৃপক্ষের 'চাকরি হতে বরখাস্তকরণ' দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে প্রবিধানমালা, ২০২১ এর ৫৩(৬) প্রবিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব আবদুল খালেক
(পিতা-আবদুর রহমান), প্রশাসনিক কর্মকর্তা
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
স্থায়ী ঠিকানা: গ্রাম-দক্ষিণ বাহারছড়া, ডাকঘর, থানা ও জেলা-কক্সবাজার।
বহিঃ বাংলাদেশ ঠিকানা:
Mr. Abdul Khaleque, C/O-Eng. Abdur Rob Khan,
336 Trudelle St, Scarbough, Toronto, Canada.
Tel: 6477655731

26/9/22

মোঃ মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)


বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৮৯০১০৬৮

পাতা-০২

বিতরণ:

- ১। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।
- ৬। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক (হিসাব), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।



মোঃ মিজামুর রহমান

সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।